Total number of printed pages–4

**1 (Sem–1/FYUGP) BEN41MN/(A)**

**2025**

**BENGALI**

( Minor )

Paper : BEN4100104 MN

**(SET–A)**

*( শিশু ও কিশোর সাহিত্য )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্পের তারকবাবু সুন্দরবনের কোন অঞ্চলে প্রোফেসর শঙ্কুর ডায়রি খুঁজে পেয়েছিলেন?

(খ) প্রকৃতির সূক্ষাতিসূক্ষ্ম শব্দ শোনার জন্য প্রোফেসর শঙ্কুর আবিষ্কৃত যন্ত্রটির নাম কী?

(গ) বালুহাঁসের দল হিমালয় পেরিয়ে কোথায় যাবার জন্য তৈরি হয়ে বেরিয়েছিল?

(ঘ) "ইনি দ্বিতীয় কালাপাহাড়, হিন্দুকুলকলঙ্ক" — কার কথা বলা হয়েছে?

(ঙ) পাঁচুমামার পকেটে কী রঙের রুমাল ছিল?

(চ) পদিপিসির ছেলের নাম কী?

(ছ) হুঁকোমুখো হ্যাংলার মামার নাম কী?

(জ) 'খুড়োর কল' কবিতার খুড়ো প্রথম কী বলে কেঁদে উঠেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চলন-বিল' অংশে রিদয় কার সঙ্গে, কোথায় যাবার জন্য ঘর থেকে বেরিয়েছিল?

(খ) রিদয়ের বাপ-মা কোন মাসে তাদের ঘরে থাকা সিন্দুকটা খুলতেন? সিন্দুক থেকে কোন কোন জিনিস বের করে ঝেড়ে-পুঁছে গুছিয়ে রাখতেন?

(গ) 'আশ্চর্য পুতুল' গল্পটিতে কোন আশ্চর্য প্রাণীর উল্লেখ রয়েছে? এই প্রাণীটি কোথায় পাওয়া যায়?

(ঘ) 'গোলক রহস্য' গল্পের গোলকটি কে, কোথা থেকে খুঁজে পেয়েছিলেন?

(ঙ) 'সৎপাত্র' কবিতার সৎপাত্র কে? তার মুখের গড়ন কেমন ছিল?

(চ) সিংহের মনে কষ্টের কারণ কী? এই কষ্ট কীভাবে দূর হয়েছিল?



(ছ) 'আবোল তাবোল' কে রচনা করেছিলেন? এই গ্রন্থটি কোন সালে প্রথম প্রকাশিত হয়?

(জ) পদিপিসির বর্মিবাক্সটি কী রঙের ছিল? পদিপিসি বর্মিবাক্সটি কার কাছ থেকে আদায় করেছিলেন?

(ঝ) পদিপিসি দেখতে কেমন ছিলেন?

(ঞ) পদিপিসির বর্মিবাক্সে যে পান্না, চুনি ও মুক্তোর উল্লেখ আছে তাদের আকার কেমন ছিল?

৩। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) প্রোফেসর শঙ্কু মঙ্গল গ্রহে যে প্রাণীর দেখা পেয়েছিলেন, তাদের বর্ণনা দাও।

(খ) বিখ্যাত লোকেদের প্রতিকৃতি পুতুলের মতো করে কে তৈরি করেন? পুতুলগুলির উচ্চতা কত? প্রোফেসর শঙ্কু কোন কোন পুতুল দেখে চিনতে পেরেছিলেন?

(গ) 'ওমা, এ যে আলাদিনের ভাঁড়ার ঘর' — কে, কাকে এ'কথা বলেছেন? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?

(ঘ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের খেন্তিপিসি চরিত্র সম্পর্কে আলোচনা করো।

(ঙ) 'বাবুরাম সাপুড়ে' কবিতাটিতে সাপের কী কী বৈশিষ্ট্যের উল্লেখ করা হয়েছে? সেই সাপ ধরে আনার কথা কেন বলা হয়েছে?

(চ) 'অতুল কীর্তি রাখল ভবে চণ্ডীদাসের খুড়ো' — চণ্ডীদাসের খুড়ো কীভাবে নিজের কীর্তি পৃথিবীতে রাখলেন তা নিজের ভাষায় লেখো।

(ছ) গণেশ ঠাকুরের দয়া লাভের জন্য রিদয় কী কী প্রতিজ্ঞা করেছিল?

(জ) "সেকালে লোক ছেলে-পিলে না হলে বুড়ো হয়ে মরবার সময় যক্ বসাত।" — এখানে যক্ বলতে কী বোঝানো হয়েছে সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ *(যে-কোনো দুটি)*

১০×২=২০

(ক) বুড়ো আংলা কে? তাকে কেন বুড়ো আংলা হতে হল তা বুঝিয়ে লেখো।

(খ) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চলন-বিল' অংশের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

(গ) 'গোঁফ চুরি' কবিতার মূলভাবটি নিজের ভাষায় ব্যক্ত করো।

(ঘ) পদিপিসির বর্মিবাক্স শেষপর্যন্ত কে, কীভাবে উদ্ধার করতে পেরেছিল, তা সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) "প্রোফেসর শঙ্কু ও গোলক রহস্য" গল্পে গোলকটির প্রকৃত পরিচয় দাও। এই গল্পে গোলক রহস্যের সমাধান কীভাবে হয়েছিল, সংক্ষেপে বুঝিয়ে দাও।